

## আলান্দি এক্সিমেশন

ঢাকা  বুধবার, ০২ মার্চ ২০২২



অমর একুশে বইমেলায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পক্ষ থেকে  
শিক্ষার্থীদের বিনামূল্যে বই দেওয়া হয়।

## বইসহ উপহার সামগ্রী দিচ্ছে বিজ্ঞান জাদুঘর

অমর একুশে বইমেলায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পক্ষ থেকে বিজ্ঞান  
ও প্রযুক্তির নানা তথ্য ও উপকরণসমূহ একটি আকর্ষণীয় স্টল স্থাপন করা  
হয়েছে। এখানে দর্শকরা বিশেষত শিক্ষার্থীরা বিনামূল্যে বই পাওয়ার সুযোগ  
পাচ্ছে। গত ২২ থেকে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত বইমেলায় শিক্ষার্থী ও দর্শকদের কাছে  
বিনামূল্যে সহস্রাধিক বিজ্ঞানবিষয়ক নানা বই সরবরাহ করা হয়। এসব বইপত্রে  
রয়েছে দেশের নবীন বিজ্ঞানীদের লেখা বিজ্ঞান ও প্রযুক্তি জ্ঞানে সমৃদ্ধ নিবন্ধ এবং  
জনপ্রিয় বিজ্ঞান বক্তৃতামালার সংকলন। এছাড়া রয়েছে বিজ্ঞান জাদুঘরের বার্ষিক  
কর্মকাণ্ড সংবলিত প্রতিবেদন। এছাড়া বইমেলায় উপস্থিত শিক্ষার্থীদের নিয়ে  
প্রতিদিন বিজ্ঞানবিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করছে বিজ্ঞান জাদুঘর।  
প্রতিযোগিতায় বিজয়ীদের জাদুঘরের পক্ষ থেকে উপহার হিসেবে দেওয়া হচ্ছে  
কলম, ডাইরি এবং ক্যালেন্ডার। এ নিয়ে বইমেলায় ব্যাপক সাড়া পড়েছে। এ  
প্রসঙ্গে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী  
বলেন, বই মেলায় নতুন আবহ সৃষ্টি করতে চায় বিজ্ঞান জাদুঘর। গতানুগতিক  
ধারা থেকে বেরিয়ে তরুণ প্রজন্মের মধ্যে বিজ্ঞান চেতনা সৃষ্টির লক্ষ্যে বইপত্র ও  
উপহার সামগ্রী দেওয়া হচ্ছে। বই জ্ঞানের ভাণ্ডার। বই কখনও বিক্রয়যোগ্য পণ্য  
হতে পারে না। কারণ জ্ঞান বেচাকেনার পণ্য নয়। তাই বিজ্ঞান জাদুঘর বিনামূল্যে  
বই দিচ্ছে। সংবাদ বিজ্ঞপ্তি

Dhaka, Wednesday, March 2, 2022

# The New Nation

*Independent Daily*



A stall of the city's National Science and Technology Museum was set up recently with different types of books at Ekushey Book Fair in the city's Suhrawardy Udyana.

# বিজ্ঞান-প্রযুক্তির বই উপহার দিয়েছে বিজ্ঞান জাদুঘর

মার্চ ১, ২০২২

০



এবারের অমর একুশে বইমেলায় বিজ্ঞান ও প্রযুক্তির নানা তথ্য ও উপকরণ দিয়ে ব্যতিক্রমী স্টল স্থাপন করে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর। এখানে দর্শকরা বিশেষতঃ শিক্ষার্থীরা বিনামূল্যে বই পাওয়ার সুযোগ পাচ্ছে। গত ২২-২৮ ফেব্রুয়ারি পর্যন্ত বই মেলায় শিক্ষার্থী ও দর্শকদের কাছে বিনামূল্যে সহস্রাধিক বিজ্ঞান বিষয়ক নানা বই ও পুস্তিকা সরবরাহ করেছে সংস্থটি।

এসব বইপত্রে রয়েছে দেশের নবীন বিজ্ঞানীদের লেখা বিজ্ঞান ও প্রযুক্তি জ্ঞানে সম্মত নিবন্ধ এবং জনপ্রিয় বিজ্ঞান বক্তৃতামালার সংকলন। ছিলো বিজ্ঞান জাদুঘরের বার্ষিক কর্মকাণ্ড সম্বলিত প্রতিবেদন।

এছাড়া বইমেলায় উপস্থিতি শিক্ষার্থীদের নিয়ে প্রতিদিন বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করছে বিজ্ঞান জাদুঘর। প্রতিযোগিতায় বিজয়ীদের জাদুঘরের পক্ষ থেকে উপহার হিসেবে দেয়া হচ্ছে কলম, ডাইরি এবং ক্যালেন্ডার।

এ প্রসঙ্গে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, “বই মেলায় নতুন আবহ সৃষ্টি করতে চায় বিজ্ঞান জাদুঘর। গতানুগতিক ধারা থেকে বেরিয়ে তরুণ প্রজন্মের মধ্যে বিজ্ঞান চেতনা সৃষ্টির লক্ষ্যে বইপত্র ও উপহার সামগ্রী দেয়া হচ্ছে। বই জ্ঞানের ভাণ্ডার। বই কখনো বিক্রয়যোগ্য পণ্য হতে পারে না। কারণ জ্ঞান বেচাকেনার পণ্য নয়। তাই বিজ্ঞান জাদুঘর বিনামূল্যে বই দিচ্ছে।”